(17) Ruplal Bauri



## রূপলাল বাউরি, ভালোডি গ্রাম

প্রশ্ন ঃ আপনার নামটা একটু বলুন?

উত্তর ঃ রূপলাল বাউরি।

প্রশ্ন ঃ কতদিন এখানে কাজ করছেন?

উত্তর ঃ ১৯৭১ পর থেকে।

প্রশ্ন ঃ কি করে চাকরিটা পেলেন?

উত্তর ঃ তখন ক্যাজুয়েল লোক নেওয়া হচ্ছিল তখন পেলাম।

প্রশ্ন ঃ আপনার বাবা কি করতেন?

উত্তর ঃ বাবা তখন মরা গিয়েছেন। অসুখ হয়েছিল।

প্রশ্ন ঃ বাবা কি কোলিয়ারিতে কাজ করতেন?

উত্তর ঃ হ্যাঁ। ন'দশ নম্বর কোলিয়ারিতে।

প্রশ্ন ঃ তখন তো কোম্পানির আমল ছিল, কি রকম অবস্থা ছিল। বাবা কি ধরণের পরিবেশে কাজ করতেন - আপনার মনে আছে?

উত্তর ঃ সে সব কিছু মনে নেই।

প্রশ্ন ঃ আপনার ঠাকুর্দা কি করতেন?

উত্তর ঃ ঠার্কুদা এই ভালোডিতে কাজ করতেন। মরা গেছেন। বালু লাইনে কাজ করতো।

প্রশ্ন ঃ সেই বালি কোথায় যেতো?

উত্তর ঃ বিধান ওয়েষ্টডি কোলিয়ারিতে যেতো।

প্রশ্ন ঃ বিধান ওয়েষ্টডি কোলিয়ারিতে বালি ভরাট করার জন্য বালি যেতো?

উত্তর ঃ হ্যাঁ।

প্রশ্ন ঃ আপনাদের চাষের জমি নেই?

উত্তর ঃ না।

প্রশ্ন ঃ সেসবের কাজ (চাষের) আপনার বাবা বা দাদু কেউ করতো না?

উত্তর ঃ না।

প্রশ্ন ঃ আপনি এখানে ক্যাজুয়েল হিসেবে কাজ পেলেন?

উত্তর ঃ হ্যাঁ।

প্রশ্ন ঃ কোথায় চিনাকুরিতে?

উত্তর ঃ হ্যাঁ।

প্রশ্ন ঃ তখন আপনাদের কাজের অবস্থা কেমন ছিল?

উত্তর ঃ ভালোই ছিল।

প্রশ্ন ঃ তার মানে কোম্পানির আমলে?

উত্তর ঃ হ্যাঁ।

প্রশ্ন ঃ তখনতো বেঙ্গল কোল ছিল?

উত্তর ঃ হ্যাঁ।

প্রশ্ন ঃ তখন বেঙ্গল কোলের যারা অফিসার ছিলেন তাদের ব্যবহার কেমন ছিল বা কলিয়ারির নিচে কেমন কাজের অবস্থা ছিল?

উত্তর ঃ ঠিক ছিল।

প্রশ্ন ঃ তখন আপনাদের মাইনে কেমন ছিল?

উত্তর ঃ ৫-৬ টাকা এমনি পেতাম, সপ্তায়।

প্রশ্ন ঃ তখন কিভাবে কাজ করতেন?

উত্তর ঃ তখন সাফা টাফা করতাম, সাফাই করতাম, তারপর নিচে গেলাম।

প্রশ্ন ঃ নিচে কি করতেন?

উত্তর ঃ নীচে সাফাই কুলী ছিলাম। এখন আমি পাম্প অপারেটার হয়ে গেছি।

প্রশ্ন ঃ ক্যাজুয়েল থেকে কখন আপনি পারমানেন্ট হলেন?

উত্তর ঃ ন্যাশেনালাইজ যখন হল তখন।

প্রশ্ন ঃ ন্যাশেনালাইজ কিভাবে হল আপনার মনে আছে?

উত্তর ঃ সেটা বলতে পারবো না।

প্রশ্ন ঃ তার আগের কোন ঘটনা — যেমন ধরুন শ্রমিক আন্দোলন। সেরকম কিছু আপনার মনে আছে?

উত্তর ঃ না সেটা বলতে পারবো না।

প্রশ্ন ঃ আপনি হারাধন রায়, দেবেন সেন, মধু মাষ্টার এদের নাম শুনেছেন।

উত্তর ঃ ওদের জানি।

প্রশ্ন ঃ কেন জানেন?

উত্তর ঃ ওরা যেতো আসতো। তখন ছোট ছিলাম। অত বলতে পারবো না।

প্রশ্ন ঃ আপনি যখন ক্যাজুয়েল হিসেবে কাজ পেলেন তখন কারা আসতো? হারাধন রায় বা জয়ন্ত পোদ্দার।

উত্তর ঃ তখন আসতো কলিয়ারি নিয়ে ভাষণ-টাসন দিত।

প্রশ্ন ঃ কেন ন্যাশেনালইজ হল বা কি হল ন্যাশেনালাইজের পর?

উত্তর ঃ বলতে পারবো না।

প্রশ্ন ঃ ন্যাশেনালাইজের পর কি হল?

উত্তর ঃ পারমানেন্ট হয়ে গেলাম।

প্রশ্ন ঃ মালিকানা কার হাত থেকে কার হাতে গেল? আগে মালিক কে ছিল?

উত্তর ঃ মধুবাবু এসব ছিল। মধুবাবু লিডার ছিল।

প্রশ্ন ঃ আগে কোলিয়ারির মালিক কে ছিল?

উত্তর ঃ জানিনা।

প্রশ্ন ঃ ন্যাশেনালাইজ হওয়ার পর আপনাদের কি সুবিধে হল?

উত্তর ঃ আস্তে আস্তে পয়সা বড়তে লাগলো।

প্রশ্ন ঃ ন্যাশেনালাইজেশন হওয়াটা ভালো হয়েছে?

উত্তর ঃ হ্যাঁ। সবাই পারমানেন্ট হয়েগেল।

প্রশ্ন ঃ এখন আপনার কাজ কর্মের কেমন অবস্থা?

উত্তর ঃ এখন কোলিয়ারিতে কোন জিনিষই পাওয়া যাচ্ছে না। নাট নাই, বল্টু নাই সব পুরানো লাগান হচ্ছে।

প্রশ্ন ঃ যখন আপনি খাদের নিচে অন্ধকারে কাজ করতেন তখন আপনার কেমন লাগতো?

উত্তর ঃ তখন ভয় ভয় লাগতো।

প্রশ্ন ঃ নীচে কি কাজ করতেন?

উত্তর ঃ ঝাড়ু টাড়ু মারতাম -- তারপর পাম্প অপারেটার হলাম।

প্রশ্ন ঃ এখন যে জিনিষ পাওয়া যায় না সেটাতে কি কি অসুবিধা হয়?

উত্তর ঃ স্টাফ্‌দের নিয়ে অসুবিধে হয়। নতুন জিনিষ আনতো - তবে তো কোলিয়ারি চলবে। ভাঙ্গা ফুটা দিয়ে কোলিয়ারি চলে?

প্রশ্ন ঃ বলে ছিলেন?

উত্তর ঃ বলে সব - লাভ হয় না।

প্রশ্ন ঃ এখন ইউনিয়নের লোকজন আপনাদের মিটিং, মিছিলের জন্য ডাকে?

উত্তর ঃ হ্যাঁ।

প্রশ্ন ঃ আপনি যান?

উত্তর ঃ এখন কই? আর ডাকে না আগে ডাকতো।

প্রশ্ন ঃ কোথায় যেতেন মিটিং, মিছিলে? কারখানায় হত না বাইরে যেতেন?

উত্তর ঃ না, না বাইরে হত। কলকাতায় হত। আমার বড়দা কোথায় কোথায় মিটিং এ যেতো, কলকাতায় যেতো পার্টির মিটিং এ যেতো।

প্রশ্ন ঃ কোন পার্টির?

উত্তর ঃ সি পি এম।

প্রশ্ন ঃ আপনি সি পি এম-এর ইউনিয়নের সদস্য?

উত্তর ঃ হ্যাঁ।

প্রশ্ন ঃ ইউনিয়নে চাঁদা নেয়?

উত্তর ঃ হ্যাঁ। তাছাড়া গাঁয়ের ছেলেগুলোও চাঁদা নেয়।

প্রশ্ন ঃ গ্রামের ছেলেরা চাঁদা নিয়ে কি করে?

উত্তর ঃ ওরাও কাজটাজ করে, সাহায্যের জন্য অমুক জায়গায় কোন ঘটনা ঘটল বা ট্রেন উল্টে গেল তখন সাহায্যের জন্য।

প্রশ্ন ঃ আপনি চিনাকুরির কত নম্বর পিটে কাজ করেন?

উত্তর ঃ এক-দুই নম্বর পিটে।

প্রশ্ন ঃ এখানে যারা ইউনিয়নে আছে সেইসব লোকজন কেমন কাজ করে?

উত্তর ঃ ভালই।

প্রশ্ন ঃ আপনি কখনো ইউনিয়নে গেছেন?

উত্তর ঃ হ্যাঁ, যাওয়া আসা আছেই তাছাড়া আমাদের মিহির বাবু আছে।

প্রশ্ন ঃ কি ধরণের অসুবিধে হলে ইউনিয়নে ~~জান নি?~~ জানান ?

উত্তর কোন ঝামেলা টামেলা হলে বা কোন অসুবিধা হলে তখন ওদের বলি।

প্রশ্ন ঃ তখন ওরা কি করে?

উত্তর ঃ তখন ওরা সাহেবের কাছে যায়।

প্রশ্ন ঃ আপনারা সাহেবের কাছে যান না?

উত্তর ঃ না।

প্রশ্ন ঃ কখনই যান না?

উত্তর ঃ যাই কোন কাজ হলে, তবে সাধারণত লিডারই চলে যায়।

প্রশ্ন ঃ আপনারা নিজেরা যান না কখনও?

উত্তর ঃ আমাদের কথা কি মানবে?

প্রশ্ন ঃ আপনাদের কথা মানবে না?

উত্তর ঃ না, আমাদের কথা কি মানে? আপনারাই কি সহজে যেতে পারবেন?

প্রশ্ন ঃ কেন আপনি যেতে পারবেন না?

উত্তর ঃ দোষ করলে কি যেতে পারবো?

প্রশ্ন ঃ দোষ করলে যেতে পারবেন না?

উত্তর ঃ না।

প্রশ্ন ঃ কি ধরণের দোষ?

উত্তর ঃ যেমন ধরো আছে বাতি বন্ধ করে উঠে চলে গেলো।

প্রশ্ন ঃ আর কি কারণে সাহেবদের রাগ হয়?

উত্তর ঃ মনে কর বলল -- এটা কর ওটা কর, সেটা না করলেই রাগ হয়।

প্রশ্ন ঃ আপনাদের তো নির্দিষ্ট কাজ আছে সেটা তো করেন, নাকি? তাহলে কেন রাগ করেন?

উত্তর ঃ মনে কর কাজ করতে করতে ঘুমিয়ে গেল।

প্রশ্ন ঃ এই কারণে রাগ করে? তখন কি করে?

উত্তর ঃ বাজে কথা বলে দেয়। টুপি নেই জুতো খোলা আছে -- অনেক কিছু বলে?

প্রশ্ন ঃ আপনার পোষ্টটার নাম কি? পাম্প অপারেটার? আপনার তো টাইম রেটে? গেলেই হাজিরা হবে? (আপনার বেলাতে অসুবিধে না থাকলে) আপনিক সব মিলিয়ে কেমন মাইনে পান?

উত্তর ঃ ৫০০০ - ৬০০০ টাকা (মাসে) ধর যদি রবিবার চলে।

প্রশ্ন ঃ রবিবার চলে? কতদিন হল?

উত্তর ঃ ১০-১২ বছরের ওপর।

প্রশ্ন ঃ রবিবার কি প্রোডাক্‌শন হয়?

উত্তর ঃ না - পাম্প চালু করতে হয়।

প্রশ্ন ঃ কেন জল তুলতে হয় বা পাম্প চালাতে হয়?

উত্তর ঃ খাদের নীচে পাম্প আছে তাই চালু করতে হয়।

প্রশ্ন ঃ আপনি যেখানে কাজ করেন সেখানে দুর্ঘটনার ঘটার সম্ভাবনা আছে? কি ধরণের দুর্ঘটনা ঘটে?

উত্তর ঃ আমাদের এখানে অনেক রকমের আছে। যেমন ধরুন চানক

পড়ে যেতে পারে বা ধরুন পাম্প চালাচ্ছি পাম্প আমাদের ধরে নিতে পারে ইলেকট্রিকে। এমন অনেক জায়গায় হয়েছে।

প্রশ্ন ঃ আপনি নিজে কোন অ্যাক্সিডেন্ট দেখেছেন?

উত্তর ঃ না।

প্রশ্ন ঃ আপনি যে খাদে কাজ করেন সেখানে কোন দুর্ঘটনার কথা আপনি শুনেছেন?

উত্তর ঃ হ্যাঁ।

প্রশ্ন ঃ ন্যাশেনালাইজেশনের আগে না পরে?

উত্তর ঃ আগে পরে দুটোই হয়েছে। বেল্ট পরে গেছে, চাল পড়ে গেছে।

প্রশ্ন ঃ কত বছর আগে?

উত্তর ঃ পাঁচ - ছ'বছর আগে।

প্রশ্ন ঃ কেউ মারা গেছিল?

উত্তর ঃ দুজন লোডার মারা গেছিল। একজন সাহেব জেলে গেছিল।

প্রশ্ন ঃ আগে থেকে চাল পরীক্ষা করেনি?

উত্তর ঃ না। মিস্ত্রী ঢুকতে বারণ করেছিল। পাম্প চালু করবার জন্য নেমে গেছি।

প্রশ্ন ঃ আপনি ৬০০০ টাকা মাইনে পান তার মধ্যে কি রকম টাকা আপনার সংসারে খরচ হয়?

উত্তর ঃ ৪০০০ টাকা হয়। তাছাড়া কাপড়-চোপড় ইধার-উধার খরচ হয় — ছেলে পুলে আছে।

প্রশ্ন ঃ ওদের পড়াশোনাতে কেমন খরচা হয়?

উত্তর ঃ ওরা পড়াশোনা করে না।

প্রশ্ন ঃ কটা ছেলেপুলে আপনার?

উত্তর ঃ তিনটে ছেলে - একটা মেয়ে মারা গেছে।

প্রশ্ন ঃ বাচ্চাদের তোমরা পড়াশোনা ছাড়িয়ে দিলে কেন?

উত্তর ঃ স্ত্রীর ভালোলাগছিল না। তাছাড়া আমিও অতটা নজর দিতে পারছিলাম না।

প্রশ্ন ঃ স্কুলে কি খুব বকত?

উত্তর ঃ না।

প্রশ্ন ঃ তোমার বন্ধু-বান্ধবের ছেলেরাও কি ছেড়ে দিয়েছে?

উত্তর ঃ না কেউ কেউ পড়ছে।

প্রশ্ন ঃ তোমার ছেলেরা কি করে?

উত্তর ঃ কিছু করে না।

প্রশ্ন ঃ কাজের চেষ্টা করছে?

উত্তর ঃ হ্যাঁ চেষ্টা করছে। কাজ না করলে কি করে হবে।

প্রশ্ন ঃ আপনার তো সংসার খরচা ৪০০০ টাকা লাগে। কিছু জমাতে পারেন?

উত্তর ঃ না, জমাবো কি ভাবে?

প্রশ্ন ঃ ধার করতে হয়?

উত্তর ঃ হ্যাঁ।

প্রশ্ন ঃ কোথা থেকে ধার করেন?

উত্তর ঃ মহাজনের কাছ থেকে।

প্রশ্ন ঃ কেমন সুদ দিতে হয়?

উত্তর ঃ ২০,০০০ টাকার মাসে ৪০০ টাকা সুদ দিতে হয়।

প্রশ্ন ঃ এখন আপনার ধার আছে?

উত্তর ঃ হ্যাঁ।

প্রশ্ন ঃ কেন নিতে হয়েছিল?

উত্তর ঃ বিয়ে সাদীর জন্য। ছেলের বিয়ে দিলাম। টাকা কম পাওয়া যায়। গরীবদের মেয়েতো। যেমন ধরুন ১০,০০০ টাকা। এটুকুতে তো হয় না তখন ধার নিতে হয়।

প্রশ্ন ঃ ছেলের বিয়ের জন্য ধার নিয়েছিলেন।

উত্তর ঃ হ্যাঁ।

প্রশ্ন ঃ ছেলের বিয়েতে কতজন খেয়েছে? আপনার কোলিয়ারিতে যারা কাজ করে তারা এসেছিল।

উত্তর ঃ ছেলের বিয়েতে তিন-চারশো জন খেয়েছে। কোলিয়ারি থেকে সবাই এসেছিল। যাদের আমন্ত্রণ করেছিলাম তারা সবাই এসেছিল।

প্রশ্ন ঃ অন্যদের বিয়ে সাদিতে আপনারা যান?

উত্তর ঃ হ্যাঁ।

প্রশ্ন ঃ আর কি কারণে ধার করতে হয়?

উত্তর ঃ আসুখ-বিসুখ হলে।

প্রশ্ন ঃ বিভিন্ন এজেন্সি যেমন - এল আই সি থেকে কোলিয়ারিতে আসে টাকা জমানোর জন্য - আপনারা সেটা করেছেন?

উত্তর ঃ না। কোলিয়ারিতেই যা কেটে নেয়।

প্রশ্ন ঃ আপনি হাতে কত পান?

উত্তর ঃ ৪০০০ - ৫০০০ টাকা।

প্রশ্ন ঃ আপনি লোন তুলতে পারেন?

উত্তর ঃ এখনো তুলিনি তবে মেয়েদের বিয়ের সময় তুলতে হবে।

প্রশ্ন ঃ বিয়েতে পন কেমন দিতে হয়?

উত্তর ঃ ২০,০০০/-, ২৫,০০০/-, ৫০,০০০/- টাকা পর্যন্ত।

প্রশ্ন ঃ মহাজন কোথাকার?

উত্তর ঃ এইসব আশেপাশেই থাকে।

প্রশ্ন ঃ তার মানে যে কোন কারও কাছেই তুমি ধার নাও প্রত্যেকেই এরকম সুদ নেয়?

উত্তর ঃ হ্যাঁ।

প্রশ্ন ঃ ছুটি পান।

উত্তর ঃ হ্যাঁ।

প্রশ্ন ঃ ছুটির দিন কি করেন?

উত্তর ঃ কোথায় ও গেলাম। কুটুম ঘর। না হয় বাড়িতে থাকি।

প্রশ্ন ঃ এই গ্রাম থেকে কোলিয়ারির ধাওড়াগুলো তো অনেক দূরে -- ওদের সঙ্গে আপনাদের সম্পর্ক কেমন?

উত্তর ঃ বন্ধু বন্ধু। একসাথে কাজ করি।

প্রশ্ন ঃ আপনাদের বাড়িতে আসে?

উত্তর ঃ হ্যাঁ। আমরাও যাই।

প্রশ্ন ঃ উৎসবে আপনাদের নিমন্ত্রণ করে?

উত্তর ঃ হ্যাঁ করে।

প্রশ্ন ঃ মুসলিম শ্রমিকদের বাড়ি আপনারা যান?

উত্তর ঃ যাই, কিন্তু খাই না।

প্রশ্ন ঃ আপনি যেখানে কাজ করেন সেখানে কত শ্রমিক কাজ করে?

উত্তর ঃ এখন অনেক শ্রমিক কমে গেছে। দশ বছর আগে অনেক শ্রমিক ছিল। এখন সবাই গোল্ডেন সার্ভিস নিচ্ছে -- বসে যাচ্ছে।

প্রশ্ন ঃ এত শ্রমিক কমে যাচ্ছে কেন? কয়লার উৎপাদন কি কমে যাচ্ছে?

উত্তর ঃ উৎপাদন ঠিকই আছে - একজন গোল্ডেন নিলে দেখাদেখি আর একজন নিচ্ছে। বসে যাচ্ছে।

প্রশ্ন ঃ বসে যাচ্ছে কেন?

উত্তর ঃ নিজের মর্জিতে বসে যাচ্ছে বা কাজ করতে পারছে না বলেও বসে যাচ্ছে।

প্রশ্ন ঃ কারা বেশী বসে যাচ্ছে?

উত্তর ঃ সবাই।

প্রশ্ন ঃ যারা লোডার তারা কি বেশী বসে যাচ্ছে?

উত্তর ঃ লোডাররা প্রায় সবাই বসে যাচ্ছে, তাছাড়া আমাদের কি পাম্প খালাসি কি বসেনি, তারাও বসেছে।

প্রশ্ন ঃ তাহলে এখানে এতজন বসে গেলে কয়লার উৎপাদন কমে যাচ্ছে না?

উত্তর ঃ উৎপাদন ঠিকই আছে - কারণ আগে সেই সেকশানগুলো তো আর নেই।

প্রশ্ন ঃ সেকশান ও কমে যাচ্ছে?

উত্তর ঃ হ্যাঁ।

প্রশ্ন ঃ ২নং কোলিয়ারি কেন বন্ধ হয়ে গেল?

উত্তর ঃ লোডার হাজরিওলা সবাই বসে যাচ্ছে।

প্রশ্ন ঃ পুরানোরা কি সবাই বসে যাচ্ছে? ম্যানেজমেন্ট কি কোন চাপ দিচ্ছে?

উত্তর ঃ না, না ওরা কিছু বলে না।

প্রশ্ন ঃ এই যে সবাই বসে যাচ্ছে বা গোল্ডেন নিচ্ছে -- তাতে ইউনিয়ন কি বলছে?

উত্তর ঃ ইউনিয়ন কিছু বলছে না। বসে গেলে বসে যাবে। সাহেব, ইউনিয়ন সবাই বলছে সার্ভিস পুরা কর কিন্তু না করলে কি করবে?

প্রশ্ন ঃ আপনি যেখানে কাজ করেন সেখানে ধুলোর সমস্যা আছে? নাকি জল মেরে দেয়?

উত্তর ঃ জল মারতে হয়।

প্রশ্ন ঃ কাজ করতে কোন কষ্ট হয় যেমন -- শ্বাসকষ্ট।

উত্তর ঃ না।

প্রশ্ন ঃ আপনাকে ছুটি কেমন নিতে হয়?

উত্তর ঃ এখন ক্যাজুয়েল হয়েছে -- ৩ দিন। যখন কোন কাজ পরে বা ইচ্ছা হল তখন নিই। তাছাড়া নিয়ে কি করবো?

প্রশ্ন ঃ আমরা যে শুনি এখানে প্রচুর লোক অ্যাবসেন্ট হয় -- তাই কোলিয়ারির উৎপাদন কমে যাচ্ছে। তাই কি?

উত্তর ঃ না, না।

প্রশ্ন ঃ আপনার গোল্ডেন নিতে ইচ্ছে করে?

উত্তর ঃ না। এখন কাজ করতে পারবো গোল্ডেন নিয়ে কি করবো?

প্রশ্ন ঃ আপনার আর কত বছর কাজ আছে?

উত্তর ঃ ছ'বছর।

প্রশ্ন ঃ আপনার মেডিকেল চেক আপ হয়েছিল?

উত্তর ঃ হ্যাঁ। অনেকদিন আগে। একবার মেনধেমো গিয়েছিলাম। একবার আসানসোল গিয়েছিলাম।

প্রশ্ন ঃ মেনধেমো কতদিন আগে গিয়েছিলেন?

উত্তর ঃ অনেক দিন আগে।

প্রশ্ন ঃ তার রিপোর্ট দিয়েছে আপনাকে?

উত্তর ঃ হ্যাঁ।

প্রশ্ন ঃ সব ঠিক আছে?

উত্তর ঃ হ্যাঁ।

প্রশ্ন ঃ আপনি নিউমোকোনিওসিস রোগটার নাম শুনেছেনে? ধুলো লেগে একধরণের বুকের অসুখ হয় -- সেই অসুখটা সারে না ক্যান্সার টাইপের বা এখানে কাজ করতে করতে কারও টিবি হয়েছে আপনার নজরে আছে?

উত্তর ঃ না - না।

প্রশ্ন ঃ বুকের ব্যাথা বা হাঁপানি?

উত্তর ঃ না।

প্রশ্ন ঃ আপনি তো কোম্পানির আমলে কাজ করতেন তখন যে ধরণের বুকের অসুখগুলো লেগে থাকতো এখন তার চেয়ে অবস্থা ভালো না আগেই ভালো ছিল।

উত্তর ঃ আগে ভালো ছিল। অসুখ-বিসুখ কম ছিল।

প্রশ্ন ঃ আপনি এখন যেখানে কাজ করছেন সেখানে কি ধরণের অসুবিধা আছে?

উত্তর ঃ অসুবিধা নেই।

প্রশ্ন ঃ এখন কি কোলিয়ারি লসে চলছে নাকি লাভে?

উত্তর ঃ আমরা কি করে বলব? সাহেবরা তো বলছে লসে চলছে।

প্রশ্ন ঃ আপনার কি মনে হয়?

উত্তর - আমরা কি করে বুঝতে পারবো?

প্রশ্ন ঃ আপনি যেখানে কাজ করেন সেখানে কয়লা কত ওঠে?

উত্তর ঃ আমরা বলতে পারবো না।

প্রশ্ন ঃ আপনি কি শুনেছেন কয়লা বেসরকারীকরণ করার কথা বলা হচ্ছে? এখন তো এটা সরকারের হাতে — এটা কোম্পানির হাতে দিয়ে দেবার একটা বিল আসতে চলেছে সেটা কি আপনি শুনেছেন।

উত্তর ঃ না। কোথায় শুনবো? আমরা তো নীচে চলে যাই। মিটিং-এ যেতে পাই না।

প্রশ্ন ঃ মিটিং হয়?

উত্তর ঃ হ্যাঁ। আমরা যেতে পাই না।

প্রশ্ন ঃ প্রাইভেট ঠিকেদার দিয়ে আণ্ডার গ্রাউণ্ডে যে কিছুদিন আগে কাজ হয়ে গেল উস্তিপিতে — সেটা জানেন?

উত্তর ঃ না।

প্রশ্ন ঃ আউট সোর্সিং কথাটা শুনেছেন।

উত্তর ঃ না।

প্রশ্ন ঃ আপনাদের কোলিয়ারিতে ঠিকেদাররা কাজ করেন?

উত্তর ঃ করে।

প্রশ্ন ঃ কি কি কাজ করে?

উত্তর ঃ করে জানি। কিন্তু বলতে পারবো না।

প্রশ্ন ঃ কত শ্রমিক ঠিকেদারের কাছে কাজ করে?

উত্তর ঃ সেটা বলতে পারবো না।

প্রশ্ন ঃ কোলিয়ারির কাজ ঠিকেদারের হাতে দেওয়া হোক — সেটা কি আপনারা চান?

উত্তর ঃ না। ওদের দিলে ওরা ধান্ধাই করবে। শ্রমিকদের ভাল ওরা দেখবে না।

প্রশ্ন ঃ যদি কখনও কোলিয়ারি বেসরকারী কোম্পানির হাতে চলে যায়?

উত্তর ঃ হলে আমরা কি করবো।

প্রশ্ন ঃ আটকানোর চেষ্টা করবেন?

উত্তর ঃ লিডার ছাড়া তো সেটা হবে না।

প্রশ্ন ঃ কোন কিছুই কি লিডার ছাড়া হবে না?

উত্তর ঃ তাই কি হয়?

প্রশ্ন ঃ আপনি কোন ক্লাস অবদি পড়েছেন?

উত্তর ঃ পড়াশুনা করিনি।

প্রশ্ন ঃ ২ নং কোলিয়ারি যে বন্ধ হতে চলেছে কেউ কেউ বলছে কয়লা এখনো আছে অনেকদিন চলবে।

উত্তর ঃ বলছে তো কেউ কেউ।

প্রশ্ন ঃ যদি ধরুন এমনি করে কোলিয়ারি বন্ধ হয়ে যায় তাহলে কি করে চলবে? অন্য কি কোন কাজ আছে? আপনার ছেলেরা কি করবে? আপনি তো এখন চাকরি করছেন?

উত্তর ঃ চাষ-টাষ করবে।

প্রশ্ন ঃ চাষের জমি?

উত্তর ঃ কেন ভাগের।

প্রশ্ন ঃ এখন কি ভাগে চাষ করে?

উত্তর ঃ না।

প্রশ্ন ঃ আপনার রিটায়ারমেন্টের কতদিন দেরী আছে?

উত্তর ঃ ৬ বছর।

প্রশ্ন ঃ মাটির তলায় গিয়ে আপনার কাজ করতে ভালো লাগে?

উত্তর ঃ যেতে হবে, না গেলে তো চলবে না।

প্রশ্ন ঃ মাটির ওপরে হলে ভালো হত?

উত্তর ঃ মাটির তলায় আমাদের ভালো লাগে, ঠাণ্ডা গরম সবই আছে।

প্রশ্ন ঃ আপনার বাড়িতে টিভি সাইকেল আছে?

উত্তর ঃ হ্যাঁ। ছেলেপুলেরা কোথায় যাবে।

প্রশ্ন ঃ গ্রামে কি বেশীরভাগের বাড়িতে টিভি আছে?

উত্তর ঃ না।

প্রশ্ন ঃ আশেপাশে ভিডিও হল আছে?

উত্তর ঃ না। অনেকটা দূরে রাধানগরে আছে।

প্রশ্ন ঃ এই গ্রামের কতজন কোলিয়ারিতে কাজ করে?

উত্তর ঃ আর বেশী নেই। ২০-৩০ জনের মত।

প্রশ্ন ঃ সবাই কি আপনার বয়েসি?

উত্তর ঃ হ্যাঁ।

প্রশ্ন ঃ বাকিরা কি করে?

উত্তর ঃ ঠিকাদারের কাছে, কেউ কেউ চাষ করে।

প্রশ্ন ঃ চাষ কি আগের চেয়ে কমে গেছে?

উত্তর ঃ হ্যাঁ। জল হলে হবে।

প্রশ্ন ঃ এখানে কি কি অনুষ্ঠান হয়?

উত্তর ঃ স্বরসতী পূজা, বিষ্ণু পূজা হয়।

প্রশ্ন ঃ দুর্গাপূজা কি চিনাকুড়িতেই হয়?

উত্তর ঃ আমাদের গাঁয়েই হয়। মনসা পূজা হয়, ছৌনাচ হয়, বাউল গান হয়।

প্রশ্ন ঃ প্যাণ্ডেল করে সিনেমা হয়?

উত্তর ঃ না।

প্রশ্ন ঃ কীর্তন হয়?

উত্তর ঃ দোল পূর্ণিমাতে হয়।

প্রশ্ন ঃ এই গ্রামে কত ঘর আছে?

উত্তর ঃ বলতে পারবো না।